দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JUL 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# 'উল্টো শিক্ষার্থীদের বিরুদ্ধে মামলা, আসামি ১২শ'

## শাহবাগে পুলিশের লাঠিচার্জ-রাবার বুলেট

■ ইত্তেফাক রিপোর্ট

পরীক্ষার তারিখ ও সময়সূচি ঘোষণার দাবিতে শাহবাগে শিক্ষার্থীদের সমাবেশে পুলিশের লাঠিচার্জ ও রাবার বুলেট নিক্ষেপের ঘটনায় উল্টো পুলিশের পক্ষ থেকে আন্দোলনকারীদের বিরুদ্ধে একটি মামলা করা হয়েছে। বৃহস্পতিবার রাতে শাহবাগ থানার এসআই মাজহারুল ইসলাম বাদি হয়ে দায়ের করা এ মামলায় অজ্ঞাত ১২শ' জনকে আসামি করা হয়েছে। মামলায় পুলিশের কর্তব্য কাজে বাধা প্রদান ও হত্যাচেষ্টার অভিযোগ আনা হয়েছে। শাহবাগ থানার ওসি আবুল হাসান বিষয়টি নিশ্চিত করে জানান, মামলাটি তদন্ত করবেন এসআই দেবরাজ চক্রবর্তী।

অপরদিকে, জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউটে চিকিৎসাধীন আহত শিক্ষার্থী সিদ্দিকুর রহমানের অবস্থা অপরিবর্তিত রয়েছে। আজ শনিবার তার দুই চোখে অস্ত্রোপচার হবে। সিদ্দিকুর তিতুমীর কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউটে সিদ্দিকুরের সাথে অবস্থান করা তার সহপাঠি জাহাঙ্গীর আলম বলেন, সিদ্দিকুরের দুটি চোখই ক্ষতিগ্রস্ত হয়েছে। সে এখন কোনা চোখেই দেখতে পারছে না। এ ব্যাপারে জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউটের পরিচালক অধ্যাপক ডা. গোলাম মোস্তফা বলেন, আহত শিক্ষার্থীর দুই চোখে অস্ত্রোপচারের পর নিশ্চিত হওয়া যাবে যে তার চোখের দৃষ্টিশক্তি ফিরবে কি ফিরবে না। এদিকে ঐ ঘটনায় আটক ১৩ শিক্ষার্থীকে বৃহস্পতিবার রাতে তাদের অভিভাবকদের জিম্মায় দিয়েছে পুলিশ।

পুলিশের রমনা বিভাগের উপ-কমিশনার মারুফ হোসেন সরদার বলেন, হামলা ও সংঘর্ষের ঘটনায় দায়ের করা মামলায় আটক শিক্ষার্থীদের গ্রেফতার দেখানো হয়নি। আমরা আহত শিক্ষার্থী সিদ্দিকুরের ব্যাপারেও খোঁজ নিচ্ছি।

**বিক্ষোভ কর্মসূচি আজ**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীদের শাহবাগে অবস্থান কর্মসূচিতে পুলিশি হামলার প্রতিবাদে আজ সকালে অধিভুক্ত কলেজগুলোতে বিক্ষোভ কর্মসূচি ও বিকাল চারটায় জাতীয় প্রেসক্লাবে প্রতিবাদ সমাবেশের ঘোষণা দিয়েছে আন্দোলনরত সাত কলেজের শিক্ষার্থীরা।

গতকাল বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষে তিতুমীর কলেজের ২০১১-১২ সেশনের শিক্ষার্থী রিয়াজ মাহমুদ এ তথ্য জানান। তিনি বলেন, সাত কলেজের শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে পুলিশি হামলার পরে আবার পুলিশই ছাত্রদের নামে মামলা করেছে। তিনি সরকারের নিকট অবিলম্বে ছাত্রদের কর্মসূচিতে পুলিশি হামলার বিচারসহ মামলা প্রত্যাহারের দাবি জানান। তিনি পুলিশের টিয়ার শেলে গুরুতর আহত সিদ্দিকুর রহমানের চিকিৎসার ভার সরকারকে বহন করার দাবি জানান।